[redacted]

[redacted]

এ রোগে মূলত ইরাসেফ ২ গ্রাম,পিপাভেট,কিটোফেন,ডেক্সামেট দিয়ে চিকিৎসা দেয়া হচ্ছে। এ চিকিৎসায় ভাল হতে কোন গরুর ৩ দিন,কোন ৭ দিন আবার কোন গরুর বেশিদিন সময় লাগছে। চিকিৎসা ব্যয় প্রসঙ্গ তিনি বলেন,সব মিলিয়ে দিন ৪ শ থেকে সাড়ে ৪ শ টাকা লাগছে। কিটোপ্রোফেন,এন্টিবায়োটিক আর ডেক্সামেট এ রোগে ব্যবহার নিষিদ্ধ হলেও ব্যবহার করছেন, কেন এমন তিনি বলেন,এ সব না দিলে গরুর চিকিৎসা করানো সম্ভব হচ্ছে না। তাই ব্যবহার করা।

একই কথা বলেছেন,রানা আহম্মেদ,তিনি প্রাণী সম্পদ অফিসের ইআইপি প্রকল্পে আছেন। তিনিও নিষিদ্ধ ঔষুধ ব্যবহার করে চিকিৎসা দিচ্ছেন এ রোগের গরুগুলোর।

উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা (অতি)ডাঃ রেজাউল করিম বলেন,এ রোগে আক্রান্তের সংখ্যা বেশি। তবে মৃতুহার কম আছে। এ রোগে ছোট বাছুর গরুর মৃত্যু ঝুকি বেশি রয়েছে।

তিনি বলেন,এ জেলার মধ্যে বেশি আক্রান্ত হয়েছে হরিণাকুন্ডুতে। ওই তুলনা কোটচাঁদপুরে কম আছে। আর এ রোগের তেমন কোন চিকিৎসা নাই। সাপোটিং চিকিৎসা দিয়ে পশুকে সুস্থ্য করতে হবে। আর এ রোগে কিটোপ্রোফেন ও ডাইক্লোফেন ব্যবহার করা যাবে না। স্থানীয়রা চিকিৎসকরা এ সব ঔষুধ সহ এন্টিবায়োটিক ব্যবহার করছে,এমন প্রশ্নে তিনি বলেন,আমি কয়েকদিন হল এখানে যোগদান করেছি। এরপরও আমি খোজ খবর নিয়ে দেখছি। যদি তেমন প্রমান পাওয়া যায়, তাহলে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে জরিমানা করার ব্যবস্থা করা হবে।

কোটচাঁদপুরে প্রতারক চক্রের কবলে পড়ে খোয়ালেন ইজিবাইক

কোটচাঁদপুরে যাত্রী সেজে ইজিবাইক নিয়ে পালিয়েছেন প্রতারক চক্র। শনিবার বেলা ১১ টায় এ ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুরের দুধসরা বাসস্ট্যান্ড এলাকায়।

ভুক্তভোগী জামাল মন্ডল বলেন,বেলা ১১ টা। যাত্রী সেজে আমার

ইজিবাইক ভাড়া করেন। বলেন দুধসরা বাসস্ট্যান্ডে যাবার জন্য। এরপর দুধসরা পৌঁছে কাঁদতে থাকেন। এরপর আমাকে পাশের একটা বাড়ি দেখিয়ে, ভাই তাঁর মায়ের অসুস্থ্যতার খবরটি দিয়ে আসতে বলেন। আমি সরল বিশ্বাসে খবর দিতে যায়। পরে ফিরে এসে ইজিবাইক আর ওই যাত্রী দেখতে পায়নি।

এ ব্যাপারে থানায় অভিযোগ করা হয়েছে বলে জানিয়েছেন জামাল মন্ডল।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক ফরিদ আহমেদ বলেন, ইজিবাইক চুরি ঘটনায় এখনও পর্যন্ত কেউ কোন অভিযোগ করেনি।

কোটচাঁদপুর ১৫০ পিচ ইয়াবা সহ দুই জন আটক

১৫০ পিচ ইয়াবা সহ দুই জনকে আটক করেছেন কোটচাঁদপুরের গুড়পাড়া ফাঁড়ি পুলিশ। বুধবার বিকালে গুড়পাড়া বাজার থেকে তাদেরকে আটক করা হয়।

কোটচাঁদপুরের গুড়পাড়া পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক আব্দুল্লা আল মামুন জানান,গোপন সংবাদে জানতে পারি দুই জন ইয়াবা বিক্রির উদেশ্যে বাজারে ঘোরাঘুরি করছেন। তাদের সন্দেহ জনক ঘোরাঘুরি দেখে আটক করা হয়। পরে ওই দুই জনের বডিতে থাকা ১৫০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।

আটকৃতরা হলেন,আলমডাঙ্গার মাজু গ্রামের আব্দুর রশিদ শেখের ছেলে সেন্টু শেখ (২৫),ও কুষ্টিয়ার আশাননগর গ্রামের রফিকুল ইসলামের ছেলে বিপ্লব হোসেন।

এ রিপোর্ট লেখা পর্যন্ত থানায় মামলার প্রস্তুতি চলছিল।

কোটচাঁদপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন পালিত

শুভ শুভ শুভদিন, শেখ হাসিনার জন্মদিন। এ শ্লোগানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন পালন করেছেন কোটচাঁদপুর উপজেলা প্রশাসন।

দিনটি পালনে কেক কাটা,আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করেন প্রশাসন। বুধবার দুপুরে উপজেলার অডিটোরিয়ামে এর আয়োজন করা হয়।

এতে সভাপতিত্ব করেন,উপজেলার নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ - ৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি, সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী, ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি,সহকারী কমিশনার(ভুমি) নিরুপমা রায়।

এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা মহাসিন আলী, প্রকৌশলী রুহুল ইসলাম, মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার, মহিলা বিষয়ক শিলা বেগম, পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা চম্পা অধিকারি।

পরে জন্মদিনের কেক কাটা হয়। কেক কাটেন অনুষ্ঠানের প্রধান অতিথি ও সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। এ সময় উপস্থিতিদের মুখে উচ্চারিত হয় ওই শ্লোগান। শুভ শুভ শুভদিন, শেখ হাসিনার জন্মদিন। পরে স্থানীয়দের মধ্যে জন্মদিনের কেক বিতরন করা হয়।

কোটচাঁদপুরে তথ্য দিবস পালিত

তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক, এ প্রতিপাদ্যে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত হয়েছে।

বুধবার কোটচাঁদপুর উপজেলা অডিটোরিয়ামে দিবসটি পালনে আলোচনা সভা করা হয়।

সভাপতিত্বে করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলার চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, ডাঃ তানভির জামান,দোড়ার ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল, সাবদারপুরের আব্দুল মান্নান।

এ সময় বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা মহাসিন আলী, সাংবাদিক নজরুল ইসলাম, এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা প্রকৌশলী রুহুল ইসলাম, মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার, মহিলা বিষয়ক শিলা বেগম, পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা চম্পা অধিকারি।

কোটচাঁদপুরে সহকারী শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে সহকারী শিক্ষকের অভিযোগ

কোটচাঁদপুরের আব্দুর রাজ্জাক খান প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক,সহকারী শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে লিখিত অভিযোগ করেছেন উপজেলা শিক্ষা অফিসে। অভিযোগ পেয়েছি,তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে জানালেন শিক্ষা কর্মকর্তা অসিত বরণ পাল।

কোটচাঁদপুর উপজেলার আব্দুর রাজ্জাক খান বিদ্যালয়ের ভুক্তভোগী সহকারি শিক্ষক রেশমা খাতুন বলেন,গেল ১৫ সেপ্টেম্বর সহকারী শিক্ষা

কর্মকর্তা বলরাম সাহা বিদ্যালয় পরিদর্শনে যান। প্রশ্ন তোলেন ছেলের প্রসাব করা ও ওই বিদ্যালয়ের সহাকারী শিক্ষক নন্দিতা রানীকে নিয়ে বিদ্যালয়ে ঘটে যাওয়া ঘটনার। তিনি ওই সব ঘটনা নিয়ে প্রধান শিক্ষক সহ আমার উপর রাগান্বিত হয়। এরমধ্যে আমি কথা বলায়,তিনি আমার চরিত্র নিয়ে কথা তোলেন। করেন কুরুচিপূর্ণ ও অশালীন মন্তব্য। ওই ঘটনা নিয়ে ১৮ সেপ্টেম্বর উপজেলা শিক্ষা কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ করা হয়েছে।

তিনি আরো বলেন,২০১৮ সাল থেকে নন্দিতা রানী এ বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসেবে আছেন। তিনি উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা বলরাম সাহার স্ত্রী।

এ বিদ্যালয়ে যোগদানের পর থেকে তিনি তাঁর বাচ্চাকে নিয়ে বিদ্যালয়ে আসেন। এতে করে বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের লেখা-পড়ায় বিঘ্ন ঘটে। এ সব নিয়ে কথা বললে তিনি বিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে খারাপ ব্যবহার করেন।

এ ব্যাপারে গেল ২০-০৩-২২ তারিখে উপজেলা শিক্ষা কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ করা হয়। এর আগেও ওই শিক্ষিকার বিরুদ্ধে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও শিক্ষা কর্মকর্তা বরাবর বেশ কয়েকটি অভিযোগও করেছেন বিদ্যালয়ের অভিভাবক,প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকরা। তবে তাতে কোন লাভ হয়নি। এতে করে তিনি আরো বেপরোয়া হয়ে উঠেছেন।

এ সব অভিযোগ প্রসঙ্গে উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা বলরাম সাহা বলেন,ওই সব ঘটনা যে, সময় ঘটেছে। আমি তখন অন্য ক্লাস্টারে ছিলাম। আমি কিছু জানিনা। ওই সময় যে অফিসার ছিলেন,তাঁর কাছে বিষয়টি শুনবেন।

তিনি প্রতিবেদকের কাছে রেশমা খাতুনের বিরুদ্ধে উল্টো অভিযোগ করে বলেন,রেশমা খাতুন পাঠ দানের সময় মোবাইল ব্যবহার করেন। সেটা ওনি করতে পারেন কিনা। এছাড়া তিনি ক্লাস রুমে চেয়ারের উপর পা তুলে দিয়ে ফেসবুক চালান।

উদ্ধোতন কর্মকর্তা যাবার পর কোন সম্মান না দেখিয়ে, বরং ওনার সঙ্গে খারাপ আচারন করেন। তিনি ক্লাস না নিয়ে ক্লাসের বড় বাচ্চাদের দিয়ে ক্লাস করান। কর্মস্থলে থেকে কাজ করার কথা থাকলেও তিনি ঝিনাইদহ থেকে প্রতিদিন দেরি করে বিদ্যালয়ে আসেন। যার প্রমানপত্র আমাদের কাছে সব আছে। আর ওনি যে অভিযোগ করেছেন তা ঠিক

না। ওনার অনিয়ম ঢাকতে, তিনি এ সব বলছেন।

এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা অসিত বরণ পাল জানান, এ সংক্রান্ত একটা অভিযোগ পেয়েছি। তদন্ত করে এর ব্যবস্থা নেওয়া হবে।

বিষয়টি নিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ বলেন,ওই শিক্ষক উপরের কর্মকর্তাদের কাছে অভিযোগ করেছেন। তাঁর অনুলিপি দিয়েছেন আমাকে। ঘটনাটি ওনারা দেখবেন।

কোটচাঁদপুর যুবদলের বিক্ষোভ সমাবেশ

দেশব্যাপি যুব দল নেতা হত্যার প্রতিবাদ, অমানবিক নির্যাতন, তেল, গ্যাস, সহ নিত্য প্রয়োজনীয় দ্রব্য মূল্য বৃদ্ধি ও দেশ নেত্রী বেগম খালেদা জিয়ার মুক্তি এবং অবৈদ্য সরকার পতনের দাবীতে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা ও পৌর যুবদলের বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন।

শনিবার বিকালে কোটচাঁদপুরে দলটি বিক্ষোভ মিছিল ও সমাবেশে করেন। দলটি মেইন বাসস্ট্যান্ডে উপজেলা বিএনপি’র কার্যালয়ে সামনে থেকে বিক্ষোভ মিছিল বের হয়।পরে মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পায়রা চত্বরে সমাবেশে স্হলে এসে মিলিত হয়।

সভায় সভাপতিত্ব করেন পৌর যুব দলের আবহায়ক মোঃ ফয়েজ আহমেদ তুফান। উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুলের সঞ্চালনায় বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি’র সভাপতি মোঃ আব্দুর রাজ্জাক,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আবুল কাশেম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন-উর-রশিদ, সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু,দপ্তার সম্পাদক মোঃ শহিদুল ইসলাম, বলুহর ইউনিয়নের সভাপতি মোঃ আশরাফ আলী, সাধারন সম্পাদক মোঃ মফিজুর রহমান,

যুগ্ম-সাধারন সম্পাদক হুমায়ুন কবির মিলন, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজ আলম মামুন, যুবদল নেতা অমেদুল ইসলাম, সাবেক ইউপি সদস্য মুহিদুল ইসলাম, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক রিপন শেখ, যুগ্ম আহ্বায়ক বেনজামিন,যুগ্ম আহ্বায়ক টুটুল, উপজেলা ছাত্র দলের সদস্য সচিব হুমায়ূন কবির হিরা, সেচ্ছাসেবক দল নেতা ডিপলু, জনি সহ বিএনপি’র সকল অঙ্গ সংগঠন নেতাকর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

সে সময় সরকার বিরোধী বিভিন্ন স্লোগানে স্লোগানে মুখরিত করে তোলেন বিক্ষোভ সমাবেশ স্থল।

উদ্বোধনের লাল ফিতায় আটকে আছে গ্রাম্য এ্যাম্বুলেন্স সার্ভিস

উদ্বোধনের লাল ফিতায় আটকে আছে কোটচাঁদপুরের গ্রাম্য এ্যাম্বুলেন্স সার্ভিস। সড়কে চলার আগেই অ-যত্ন আর অবহেলায় নস্ট হচ্ছে এ্যাম্বুলেন্স দুইটি। ভেস্তে যেতে বসেছে সরকারের এ মহতি উদ্যেগ,যা দেখার কেউ নাই।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, গ্রামের মানুষের স্বাস্থ্য সেবার কথা চিন্তা করে চালু করা হয়েছিল এ গ্রাম্য এ্যাম্বুলেন্স। এর অর্থায়ন করেছিল বার্ষিক উন্নয়ন কর্মসুচী(এডিবি)। ২০১৯-২০ অর্থ বছরে এ্যাম্বুলেন্স দুইটি দেয়া হয়েছিল উপজেলার দুইটি ইউনিয়নে। যার মধ্যে ছিল এলাঙ্গী ও সাবদারপুর।

তবে এ উপজেলার ৫টি ইউনিয়ন ও একটি পৌর সভা রয়েছে। তবে এ এ্যাম্বুলেন্স সার্ভিস প্রাথমিক ভাবে চালু করা হয়েছিল দুইটি ইউনিয়নে। ভাল সুফল আসলে অন্যগুলোয়ও চালু করা হবে বলে জানিয়েছিল সংশ্লিষ্টরা।

তবে প্রাথমিক ভাবে চালু হবার পরই বন্ধ হয়ে যায় সার্ভিসটি। বিষয়টি নিয়ে কথা হলে একে অপরকে দোষারোপ করে দায় এড়াচ্ছেন সংশ্লিষ্টরা। এদিকে তাদের রশি টানাটানিতে গ্রাম্য এ্যাম্বুলেন্স দুইটি পড়ে থেকে নস্ট হচ্ছে।

এ ব্যাপারে এলাঙ্গী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান বলেন,এডিপির বরাদ্দের টাকা দিয়ে ভ্যান কিনা হয়েছিল। এরপর ওই ভ্যানে ইঞ্জিন লাগিয়ে গ্রাম্য এ্যাম্বুলেন্স বানানো হয়। এটা একটা মহতি উদ্যোগ ছিল। তবে স্বাস্থ্য কমপ্লেক্স কতৃপক্ষের অবহেলায় তা ভেস্তে গেছে।

তিনি বলেন, আমার ইউনিয়নের এ্যাম্বুলেন্সটি আশাননগর গ্রামের বিপ্লবকে দেয়া হয়েছিল। সে কিছুদিন চালিয়ে ছিল। পরে ভাড়া নিয়ে সংশ্লিষ্টদের সঙ্গে সমস্যা হয়েছিল। এ কারনে স্বাস্থ্য কমপ্লেক্সে জমা দিয়ে দেয়া হয় ওই সময়।

বিপ্লব জানান, এ গ্রাম্য এ্যাম্বুলেন্স সাভিস চালু হওয়ায় খুশি রোগী ও তাঁর স্বজনরা। তিনি বলেন,এতে করে অল্প খরচে মানুষ স্বাস্থ্য সেবা নিতে যেতে পারছিল। অন্যদিকে আমার একটা আয়ের ব্যবস্থাও হয়েছিল।

এ্যাম্বুলেন্স সার্ভিস পেয়ে আসাননগর গ্রামের হীরা ও জেসমিন খাতুন বলেন,এ সার্ভিস চালু হওয়ায় আমাদের ভালই হয়েছে। আমরা অল্প খরচে পরিবহন সুবিধা পাচ্ছি। তবে কেন বন্ধ হয়ে গেল জানিনা।

বিষয়টি নিয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন, উদ্ভোধন হয়েছিল। এটা ইউনিয়ন চেয়ারম্যানরা চালাতে পারেনি। এটা একটা ফেল প্রজেক্ট ছিল। দুইটি ভ্যানের মধ্যে একটা স্বাস্থ্য কমপ্লেক্সে পড়ে আছে, আরেকটি সাবদারপুর ইউনিয়ন পরিষদে আছে বলে জেনেছি।

উপজেলা চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি বলেন,ওই এ্যাম্বুলেন্সের একটি আমার সময় বানানো হয়। আরেকটি আগে বানানো ছিল।

তিনি বলেন,এ্যাম্বুলেন্স দুইটি পড়ে আছে মূলত ইউনিয়ন চেয়ারম্যান ও স্বাস্থ্য কমপ্লেক্স কর্মকর্তার কারনে। তারা কোন সহযোগিতা করেনি। খোজ নিয়ে দেখছি,ওগুলো কি অবস্থায় আছে। এরপর কয়েক দিনের মধ্যে বিষয়টি নিয়ে সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলবো। যদি এতেও কোন কাজ না হয়,তাহলে হাসপাতালে আর কোন বরাদ্দ দিবেন না সাফ জানালেন তিনি।

কোটচাঁদপুরে ম্যানেজিং কমিটির নির্বাচনে জুয়েল প্যানেল জয়ী

উৎসব মুখর পরিবেশে কোটচাঁদপুরের পাঁচলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিদ্যালয়ে এ নির্বাচন হয়। নির্বাচনে মোস্তাফিজুর রহমান জুয়েল প্যানেল জয়ী হয়েছেন।

উপজেলা শিক্ষা কর্মকর্তা ও প্রিজাইটিং অফিসার রতন মিয়া জানান, মোট ভোটার ছিল ৪৭০ জন। এরমধ্যে ভোট পোল হয়েছে ৩৯৮ টি। দুইটি প্যানেলে ১০ জন এ নির্বাচনে অংশগ্রহণ করেন। এরমধ্যে রয়েছে মোস্তাফিজুর রহমান জুয়েল প্যানেলের আব্দুল ওহাব,আমিনুল হক,জাকির হোসেন,লিটন আলী বিউর খাতুন।

আর ইউপি সদস্য আশরাফুল আলমের প্যানেলের আনিচুর রহমান, নজির হোসেন,রেজাউল করিম,শামীম হোসেন,কুসসুম বিবি।

বুধবার সকাল ১০ টার সময় ভোট গ্রহন শুরু হয়। যা চলে বিরতিহীন ভাবে বিকাল ৪ ট পর্যন্ত। নির্বাচনে মোস্তাফিজুর রহমান জুয়েলের পূর্ন প্যানেল জয়ী হয়েছে।

কোটচাঁদপুরে কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতির বাৎসরিক সাধারণ সভা

বাংলাদেশ কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতি কোটচাঁদপুর শাখার বাৎসরিক সাধারণ সভা অনুষ্টিত হয়েছে। বুধবার স্থানীয় বলুহর হ্যাচারি কমপ্লেক্সে এ সভা করা হয়।